গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

স্মারক নং- ৫৮.০০.০০০০.০১৪.০৬.০০২.২০১৭- ৬৬৫

তারিখঃ ০৯ অগ্রহায়ণ ১৪২৪ / ২৩ নভেম্বর ২০১৭

**বিষয়ঃ সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রক্ষিতে জানানো যাচ্ছে যে, ১২ নভেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসঙ্গে প্রেরণ করা হলো। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামি ৩০-১১-২০১৭ তারিখের মধ্যে হার্ডকপি সরাসরি এবং সফট কপি পেনড্রাইভে (Nikosh font ১৩ সাইজে) প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি :সভার কার্যবিবরণী।

২৩.১১.১৭

(মোঃ আবদুল কাদির)
উপসচিব
ফোন:+৮৮০ ৪৭১২৪৩৫৯
admin3@ssd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত সচিব .................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৩। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
৪। যুগ্মসচিব ..................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৫। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৬। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
৭। উপসচিব .................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৮। সিনিয়র সহকারী সচিব ..................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৯। সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা ,সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১০। সহকারী সচিব.................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১১। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ।

অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

**বিষয়ঃ সুরক্ষা সেবা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর আওতাধীন অধিদপ্তরসমূহের অক্টোবর ২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতিঃ | ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| তারিখ ও সময়ঃ | ১২ নভেম্বর, ২০১৭, বেলা- ১১.০০ টায় |
| স্থানঃ | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ | পরিশিষ্ট-ক |

২। সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সেপ্টেম্বর' ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা নিশ্চিত করা হয়। অতঃপর অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)কে আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার অনুরোধ করেন। আলোচ্যসূচি অনুযায়ী বিভিন্ন বিষয়ের ওপর অনুষ্ঠিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ:

| নং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত (বাস্তবায়নকারী কর্মকর্তা/অধিদপ্তর) |
|---|---|---|
| ১. | **মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি :** | |
| | **ই- টেন্ডারিং :**<br>**বহিরাগমণ ও পাসপোর্ট অধিদপ্তরঃ** চলতি অর্থ বছর হতে ক্রয় কার্যক্রম ই-টেন্ডারিং পদ্ধতিতে চালু করা হবে।<br>**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ** NoA দেয়া হয়নি।<br>**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ** NoA দেয়া হয়নি। TEC কর্তৃক মূল্যায়ন প্রক্রিয়াধীন আছে।<br>**কারা অধিদপ্তরঃ**. Medicine, Mashur Dal, Bedsheet Pillow and Pillow Cover, Foam Mattress, Bed Sleeping Kararokkhi, Hospital Furniture পন্যগুলো ইজিপিতে ক্রয়ের জন্য NoA দেয়া হয়েছে।<br>সুরক্ষা সেবা বিভাগ : কম্পিউটার সামগ্রি ক্রয়ের নিমিত্ত একটি প্যাকেজ অনলাইনে প্রদান প্রক্রিয়াধীন, এছাড়া ২১টি প্যাকেজ অনুমোদনের অপেক্ষায় আছে। | • সুরক্ষা সেবা বিভাগ ও এর আওতাধীন সকল দপ্তরে ২০১৭-১৮ অর্থ বছরের শুরু থেকে শতভাগ ক্রয় ই-টেন্ডারিং এর সম্পন্ন করা;<br>• ই-জিপিতে ক্রয়কৃত পণ্যের তারিখসহ সংখ্যা উল্লেখপূর্বক পরবর্তী সভায় তার তথ্য উপস্থাপন করা;<br>• সংশ্লিষ্ট উইং প্রধান কর্তৃক সকল দপ্তরে ই-টেন্ডারিং কার্যক্রম বাস্তবায়ন যথাযথভাবে তদারকি করা।<br><br>বাস্তবায়নে : অধিদপ্তরসমূহ/প্রশাসন ও অর্থ অনুবিভাগ। |
| | **বাংলাদেশ এবং ব্রাজিলের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/ সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদনঃ** গত ০১ মার্চ, ২০১৭ তারিখে 'পররাষ্ট্র মন্ত্রণালয় জানায় ব্রাজিলীয় সরকারের পক্ষ থেকে চুক্তির উপর কোন মতামত পাওয়া যায়নি। বিভিন্ন দ্বিপাক্ষক বৈঠকে ব্রাজিলীয় সরকারের জ্ঞাতার্থে এ প্রসঙ্গটি উত্থাপিত হলে বিষয়টি তাদের সক্রিয় বিবেচনায় আছে মর্মে পররাষ্ট্র মন্ত্রণালয় হতে জানানো হয়। গত ১০ আগষ্ট, ২০১৭ তারিখে চুক্তি স্বাক্ষরের বিষয়ে অগ্রগতি জানানোর জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে তাগিদপত্র দেয়া হয়েছে।<br><br>**বাংলাদেশ এবং সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদনঃ** গত ২৩ জুলাই ২০১৭ তারিখে বাংলা অনুবাদ করা ভেটিংকৃত কপি পূণরায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় এবং সর্বশেষ গত ১০ আগস্ট ২০১৭ তারিখে ১৫২৭ নং স্মারকে চুক্তি স্বাক্ষরের বিষয়ে অগ্রগতি জানানোর জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে তাগিদপত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া ২৮ আগস্ট, ২০১৭ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ের চাহিদার প্রেক্ষিতে ১৩ সেপ্টেম্বর, ২০১৭ তারিখে সংশোধনকৃত বাংলায় অনুবাদ করা ভেটিংকৃত কপি পুণরায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। | • পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রেখে চুক্তি স্বাক্ষরের বিষয়টি ত্বরান্বিত করা ;<br>• যুগ্মসচিব(বহিঃ ও পাসপোর্ট) কর্তৃক সার্বিক কার্যক্রম মনিটরিং করা;<br>• পররাষ্ট্র মন্ত্রণালয়ে অনিষ্পন্ন থাকা সুরক্ষা সেবা বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তর সংশ্লিষ্ট কার্যাদির ইতোপূর্বে প্রেরিত পত্রের স্মারক নম্বর ও তারিখ উল্লেখপূর্বক বিষয়ভিত্তিক একটি তালিকা প্রস্তুত করা।<br>• বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, কারা অধিদপ্তর, সংশ্লিষ্ট অনুবিভাগ, এসবি, এনএসআই এর প্রতিনিধিগণের সমন্বয়ে পররাস্ট্র মন্ত্রণালয়ের সাথে সভা করা।<br><br>বাস্তবায়নে : বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর/কারা অধিদপ্তর/কারা অনুবিভাগ/নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ/প্রশাসন ও অর্থ অনুবিভাগ। |

| | | |
|---|---|---|
| | **জেল কোড সংশোধন :** The Prisoner`s Act ও জেল কোড সংশোধনের বিষয়ে মাননীয় আইন মন্ত্রীর সভাপতিত্বে ১৭-০৮-২০১৭ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। এ সভায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সিনিয়র সচিবের নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়। ১০-০৯-২০১৭ তারিখে অনুষ্ঠিত এ কমিটির প্রথম সভায় **The Prisoner`s Act ও Jail Code** এর সংশোধিত খসড়া প্রণয়নের লক্ষে ২টি উপকমিটি গঠন করা হয়।<br><br>**নাগরিকত্ব আইন, ২০১৬:** বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬-এর চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের নিমিত্ত প্রেরণ করা হলে গত ০১-০২-২০১৬ তারিখে মন্ত্রিসভা বৈঠকে প্রস্তাবিত আইনের কিছু ধারা-উপধারায় সংশোধনী আনয়ন সাপেক্ষে চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়েছে। সে প্রেক্ষিতে প্রস্তাবিত আইন ভেটিং এর জন্য গত ২৮-০৩-২০১৬ তারিখে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। বিগত ০২/০৮/২০১৭ তারিখে প্রস্তাবিত বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬ এর বিষয়ে সচিব সুরক্ষা সেবা বিভাগ সিনিয়র সচিব লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাসহ সভায় অংশগ্রহন করেছেন। এখনও আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হতে ফেরত পাওয়া যায়নি।<br><br>**সর্বশেষ অগ্রগতিঃ বিষয়টি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে পেন্ডিং রয়েছে।** | আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে ব্যক্তিগতভাবে যোগাযোগ করে ভেটিং এর বিষয়টি ত্বরান্বিত করা ।<br><br><u>বাস্তবায়নে :</u> নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ। |
| ২ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি :** | |
| | **বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরঃ**<br>• বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির বাস্তবায়নের অগ্রগতি নেই।<br><br>**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :**<br>• বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় এবং প্রত্যেক মাসের সমন্বয় সভায় উপস্থাপন করা হয়।<br><br>• ০২ (দুই)টি অনলাইন সেবা প্রদানের কার্যক্রম শুরু করা হয়েছে।<br><br>**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর :**<br>• ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম ত্রৈমাসিক প্রতিবেদন নির্দিষ্ট সময়ের মধ্যে অগ্নি অনুবিভাগে প্রেরণ করা হয়েছে।<br>**কারা অধিদপ্তর :**<br>• কারা অধিদপ্তর কর্তৃক ১৮-১০-২০১৭ এর মাধ্যমে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির বাস্তবায়ন অগ্রগতির ১ম ত্রৈমাসিক প্রতিবেদেন এ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br><br>• **সুরক্ষা সেবা বিভাগ :** ইউনিকোড নিশ্চিত করা হয়েছে এবং হচ্ছে। এ সংক্রান্ত ০১টি প্রতীবেদন ০২-১১-২০১৭ তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে প্রেরণ করা হয়েছে। | • বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির ফোকাল কর্মকর্তা কর্তৃক বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির বাস্তবায়ন অগ্রগতি প্রত্যেক মাসের সমন্বয় সভায় উপস্থাপন করা;<br>• বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন লক্ষ্যমাত্রা অর্জন করা।<br><br><u>বাস্তবায়নে :</u> অতিরিক্ত সচিব (অগ্নি)/বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ফোকাল কর্মকর্তা/যুগ্মসচিব (প্রশাসন) |
| ৩ | **অডিটঃ** | |

ক. অডিট আপত্তি নিষ্পত্তি (ব্রডশীট জবাব প্রদানের মাধ্যমে) :

| মন্ত্রণালয়/ সংস্থার নাম | অডিট আপত্তির মোট সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | ব্রডশীটে জবাবের সংখ্যা | নিস্পত্তিকৃত আপত্তির সংখ্যা | অনিস্পত্তিকৃত আপত্তির সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | ৪৭ | ৩১,০৮৮ | ২৭ | ০১ | ৪৬ | - |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ১৪৬ | ৭২৭,২৫.৯৮ | ২৮ | ০০ | ১৪৬ | |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | বর্তমানে কোন অডিট আপত্তি নেই |
| কারা অধিদপ্তর | ১৮৯টি | ৮৩৬৪.০০ | ৩৬টি | ০০ | ১৮৯টি | |

সিদ্ধান্তসমূহ :

- অধিদপ্তর/সংস্থাওয়ারী অডিটের শ্রেণি বিন্যাস অনুযায়ী সাধারণ, অগ্রিম, খসড়া ও সংকলন আপত্তির পৃথক পৃথক হিসাব সমন্বয় সভায় উপস্থাপন করা;
- অধিদপ্তরের সাধারণ, অগ্রিম, খসড়া ও সংকলন আপত্তির জবাব প্রদান, জবাব প্রদানের বাকী, নিষ্পত্তিকৃত ও নিষ্পত্তির অবশিষ্ট ইত্যাদির তথ্য সমন্বয় সভায় উপস্থাপন করা;
- মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের আপত্তি দ্রুত নিষ্পত্তির বিষয়ে সচিব, সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক অডিট অধিদপ্তরে একটি পত্র প্রেরণ করা;
- অধিদপ্তরসমূহের অডিট আপত্তির ব্রডশীট জবাব সময়মত প্রদান করা;
- কোন কোন দপ্তর/সংস্থা দি-পক্ষিয় ও ত্রি-পক্ষিয় সভা করেছে এবং কোন কোন দপ্তর/সংস্থা দি-পক্ষিয় ও ত্রি-পক্ষিয় সভা করেনি তার একটি তালিকা পরবর্তী সভায় উপস্থাপন করা;
- মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট অধিদপ্তরের ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়মিত সাধারণ, অগ্রিম, খসড়া ও সংকলনভুক্ত আপত্তির জবাব প্রদান, দ্বি-পক্ষিয় ও ত্রি-পক্ষিয় সভা অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করা, প্রমাণক কাগজপত্রসহ কার্যপত্র প্রস্তুত করা, সভায় নিষ্পত্তির জন্য সুপাশিকৃত আপত্তির নিষ্পত্তির জারীপত্র নিশ্চিতকরণ বিষয়ে নিয়মিত যোগাযোগ করা;
- সুরক্ষা সেবা বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তরসমূহের অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে অধিদপ্তর সংশ্লিষ্ট অডিট ফোকাল কর্মকর্তার সমন্বয়ে দ্বি-পক্ষিয় ও ত্রি-পক্ষিয় সভা অনুষ্ঠান/ব্রডশীট জবাব প্রদানের মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম যুগ্মসচিব প্রশাসন এবং অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) কর্তৃক তত্তাবধান করা।

বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ/উপসচিব বাজেট/ফোকাল কর্মকর্তা

৪ **মামলাঃ**

সভায় সুরক্ষা সেবা বিভাগের অধীনস্থ দপ্তরসমূহের মামলার অগ্রগতি নিম্নরূপ

| অধিদপ্তরের নাম | অনিষ্পন্ন মামলার সংখ্যা | সর্বশেষ অবস্থা | মন্তব্য |
|---|---|---|---|
| ০১। কারা অধিদপ্তর | এটি মামলা-৩৭টি<br>এএটি মামলা-৩০টি<br>রিট মামলা-০৮টি<br>লিভ টু আপীল-০৩টি | বিচারাধীন | |
| ০২। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | এএটি মামলা-০৪টি<br>ফৌজদারী মামলা-০২টি<br>দেওয়ানী মামলা-১২টি<br>সিভিল রিভিশন-০১টি<br>রিট পিটিশন-৪৬টি | বিচারাধীন | |
| ০৩। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | এটি মামলা-০৩টি<br>এএটি মামলা-০২টি<br>রিট পিটিশন-৪২টি | বিচারাধীন | |
| ০৪। বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | রিট পিটিশন-৫১টি | বিচারাধীন | |

**বহিরাগমণ ও পাসপোর্ট অধিদপ্তরঃ** প্যানেল আইনজীবী নিয়োগের লক্ষ্যে আবেদনপত্র যাচাই-বাছাই করা হয়েছে। তাদের সাক্ষাৎকার গ্রহণ শেষে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হবে।

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ** অধিদপ্তরের রীট মামলা ও এটি মামলা পরিচালনা করার জন্য বেসরকারি প্যানেল আইনজীবী নিয়োগের লক্ষ্যে ০২ আগস্ট, ২০১৭ ''দৈনিক ইত্তেফাক'' ও ০৩ আগস্ট, ২০১৭ তারিখে ''দৈনিক ডেইলী ষ্টার' পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। প্যানেল আইনজীবী নিয়োগের জন্য কমিটি গঠন করা হয়েছে। দ্রুততম সময়ের মধ্যে প্যানেল আইনজীবীর প্যানেল প্রস্তুতকরে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

**কারা অধিদপ্তরঃ** এ অধিদপ্তর হতে নির্বাচিত কর্মকর্তা কর্তৃক যথারীতি গুরুত্বপূর্ণ মামলাসমূহ তদারকী করা হয়।

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ** গুরুত্বপূর্ণ মামলাসমূহ যথাযথভাবে তদারকি করা হচ্ছে।

- জনাব মো: মুহিবুল হক, অতিঃসচিব (কারা) কর্তৃক সংশ্লিষ্ট সকল কর্মকর্তার সমন্বয়ে বিদ্যমান মামলাসমূহের সর্বশেষ অগ্রগতি বিষয়ে পর্যালোচনা সভা করা;
- মামলায় সরকারী স্বার্থ রক্ষা করে নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধি করা;
- চলমান মামলাসমূহ যথাযথভাবে follow up করা;
- তদবিরের অভাবে কোন মামলা যেন খারিজ না হয় সেদিকে খেয়াল রাখা;
- দ্রুত মামলা নিস্পত্তির লক্ষ্যে স্ব স্ব অধিদপ্তর কর্তৃক বিজ্ঞ কৌশলীর প্যানেল প্রস্তুত করত: নিয়োগ প্রক্রিয়া দ্রুত শেষ করা;
- মাসিক সমন্বয় সভায় সংস্থাওয়ারী মামলার অগ্রগতি সভায় উপস্থাপন করা।
- শাখা ও অধিশাখা কর্তৃক অধিদপ্তরের মামলাসমূহ মনিটরিং করা।
- মামলার এসএফ সংক্রান্তে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হতে রিসোর্স পারসন/প্রশিক্ষক এর সহযোগিতায় একটি প্রশিক্ষণের আয়োজন করা।
- প্রত্যেক দপ্তর/সংস্থা থেকে কমপক্ষে ০৩ জন কর্মকর্তাকে এসএফ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণের জন্য মনোনয়ন প্রদান করা।
- প্যানেল আইনজীবী নিয়োগের বিষয়ে অতিরিক্ত সচিব(কারা) কর্তৃক ব্যবস্থা গ্রহণ;

বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)অতিরিক্ত সচিব (কারা) /আইন ও শৃঙ্খলা অনুবিভাগ।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ৫ | **পেনশনঃ** | |
| | **বহিরাগমণ ও পাসপোর্ট অধিদপ্তরঃ** বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরে কোন পেন্ডিং পেনশন কেইস নাই।<br>**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ** মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা গোয়েন্দা অঞ্চলের প্রাক্তন উপ-পরিদর্শক মরহুম বেলায়েত হোসেন এর পারিবারিক পেনশন অনিষ্পন্ন রয়েছে।<br>**ায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডফেন্স অধিদপ্তরের ৩টি পেনশন কেইস অনিষ্পন্ন রয়েছে। ০৩ টি নিষ্পন্ন পেনশন কেইস এর মধ্যে ০১ টিতে অভিভাবক মনোনীত না াকার কারণে, ০১ টিতে ২য় স্ত্রী থাকায় কোর্ট হতে সাকসেশন ার্টিফিকেট সংগ্রহ করে প্রেরণ না করার কারণে এবং ১টিতে গৃহ নির্মাণ গ্রিম ও সুদ মওকুফ না হওয়ার কারণে নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে না। র্ণিত কাগজ পত্র সংগ্রহের কাজ চলমান আছে। কাগজ পত্র প্রাপ্তির পর য়োজনীয় ব্যবস্থাগ্রহণ করা হবে।<br>**কারা অধিদপ্তরঃ** কুড়িগ্রাম জেলা করাগারের অবসর প্রাপ্ত কারা তত্বাবধায়ক ( চঃ দাঃ) জনাব মোঃ সোলায়মান আলীর অবসর ভাতার সর্বশেষ প্রস্তাব কারা অধিদপ্তর হতে ০৩-৭-২০১৭ তারিখে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা-১ শাখায় পত্র প্রেরণ করা হয়েছে। মঞ্জুরী আদেশ না পাওয়ায় ২১-৮-২০১৭ তারিখে তাগিদ প্রদান করা হয়েছে। | • সংশ্লিষ্ট বিভাগসমুহকে পেনশন কেইস দ্রুততার সাথে নিষ্পত্তি করা;<br>• সংশ্লিষ্ট অধিশাখা/শাখা কর্তৃক পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে মনিটরিং করা।<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ |
| ৬ | **পরিদর্শন :** | |
| | (নিচের সারণি দেখুন) | • অধিদপ্তরসমূহের চলমান উন্নয়ন প্রকল্প এবং মাঠ পর্যায়ের অফিসসমূহের কার্যক্রম মনিটর করা, সমস্যা চিহ্নিত করা এবং সমস্যা নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ জেলার চলমান কার্যক্রম ও গুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্প নিয়মিত পরিদর্শন;<br>• প্রতিমাসে মহাপরিচালক, পরিচালক ও অন্যান্য যে সকল কর্মকর্তা পরিদর্শন করছেন তার বিবরণ ছকে প্রদান করা;<br>• পরিদর্শন প্রতিবেদনের কপি সচিব, সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা;<br>• পরিদর্শনকালে যদি এমন কোন বিষয়/সমস্যা পরিলক্ষিত হয় যা অধিদপ্তর পর্যায়ে নিস্পত্তিযোগ্য নয়, মন্ত্রণালয় পর্যায়ে নিস্পত্তিযোগ্য তা প্রতিবেদন আকারে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব, সুরক্ষা সেবা বিভাগে প্রেরণপূর্বক সংশ্লিষ্ট অনুবিভাগে এর অনুলিপি প্রেরণ করা;<br>• যারা পরিদর্শনের উদ্দেশ্যে সরকারি ভ্রমনে যাবেন তাদের ভ্রমনসূচি ওয়েবসাইটে দেয়া।<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল) |

| অধিদপ্তরের নাম | পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবি | পরিদর্শনের তারিখ ও পরিদর্শনকৃত শাখার নাম | গুরুত্বপূর্ণ সুপারিশ |
|---|---|---|---|
| বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | ০০ | ০০ | ০০ |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | জনাব মুকুল জ্যোতি চাকমা, উপ-পরিচালক, ঢাকা মেট্রো উপ-অঞ্চল, ঢাকা। | ১২-১০-১৭ ঢাকা মেট্রো উপ-অঞ্চলাধীন মতিঝিল সার্কেল। | - |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা | ব্রিগেডিয়ার জেনারেল আলী আহাম্মেদ খান, পিএসসি (অবঃ), মহাপরিচালক | ০১-১০-১৭<br>১। শ্রীনগর ফায়ার স্টেশন, মুন্সিগঞ্জ<br>২। পদ্মাসেতু মাওয়া ঘাটে নতুন ফায়ার স্টেশন স্থাপনের সম্ভাব্য জায়গা পরিদর্শন | শ্রীনগর ফায়ার স্টেশনের বাউন্ডারী ওয়াল নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে। |
| | | ২৭-১০-১৭ মাধবদী ফায়ার স্টেশন পরিদর্শন | মাধবদী ফায়ার স্টেশন ভবন রং করতে হবে এবং কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ঘাটতি অপারেশনাল সরঞ্জামাদি সরবরাহ করতে হবে। |
| | মেজর একে এম শাকিল নেওয়াজ, পরিচালক (অপাঃ ও মেইনঃ) | ০১ – ০৩/১০/১৭ চট্টগ্রাম শহরের ৪টি ফায়ার স্টেশন | নেই |

৯২

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | কারা অধিদপ্তর | ব্রিঃ জেঃ সৈয়দ ইফতেখার উদ্দীন,কারা মহাপরিদর্শক | ২৩-২৪/১০/১৭ রাজশাহী কেন্দ্রীয় কারাগার এবং রাজশাহী কারা প্রশিক্ষণ একাডেমী, রাজশাহী। | নেই | |
| ৭ | অনিষ্পন্ন বিষয়/পত্রাদি : | | | | |

**বহিরাগমণ ও পাসপোর্ট অধিদপ্তরঃ** বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের অনিষ্পন্ন বিষয়াদি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগে প্রক্রিয়াধীন আছে।

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ** অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তির যথাযথ ব্যবস্থা নেয়া হচ্ছে।

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ** অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তির যথাযথ ব্যবস্থা নেয়া হচ্ছে।

**কারা অধিদপ্তরঃ** নির্ধারিত সময়ের মধ্যে অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তির কার্যক্রম গ্রহন করা হচ্ছে।

- অধিদপ্তরসমূহের সংশ্লিষ্ট ফোকাল কর্মকর্তাগণ সুরক্ষা সেবা বিভাগের অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রত নিষ্পত্তি করা।

বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল) / প্রশাসন ও অর্থ অনুবিভাগ

৮ **প্রশিক্ষণ :**

**বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :**

| কর্মকর্তা/ কর্মচারীর শ্রেণি | কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা | ক্রমপুঞ্জিত প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) | কর্মকর্তা/ কর্মচারী প্রতি প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| ১ম শ্রেণি | ৮১ | ৪২৬ | ৫ |
| ২য় শ্রেণি | ৩১ | ১১৬ | ৪ |
| ৩য় শ্রেণি | ৬৪০ | ৩৫৪৮ | ৬ |
| ৪র্থ শ্রেণি | ২৯৭ | - | - |

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :**

| | | | |
|---|---|---|---|
| ১ম শ্রেণী | ১৫৯ | ১৩২৪ | ৮.৩৩ |
| ২য় শ্রেণী | ১৭১ | ৪৮ | ০.৩ |
| ৩য় শ্রেণী | ১০৩৩ | ১৯২ | ০.২ |
| ৪র্থ শ্রেণী | ৩৪৩ | ০০ | ০০ |

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর :**

| কর্মকর্তা/ কর্মচারীর শ্রেণি | কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা | ক্রমপুঞ্জিত প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) | কর্মকর্তা/ কর্মচারী প্রতি প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) |
|---|---|---|---|
| ১ম শ্রেণি | ৩৪ | ১১২ | ৩.৫ |
| ২য় শ্রেণি | ৩৬০ | ৫৪০০ | ১৫ |
| ৩য় শ্রেণি | ১৮৩৪ | ৩৬৬০০ | ২০ |
| ৪র্থ শ্রেণি | ০০ | - | - |

কারা অধিদপ্তর :

| | | | |
|---|---|---|---|
| ১ম শ্রেনী | ৩৯ | ৬৬ | ৫ |
| ২য় শ্রেনী | ৪ | ১০ | ৫ |

- Training Need Assess করে ২০১৭-১৮ অর্থ বছরের কর্মকর্তা/কর্মচারীগণের বার্ষিক ৬০ ঘন্টার প্রশিক্ষণ সমাপ্ত করা;
- প্রশিক্ষণ মডিউলে APA ও NIS কে অন্তর্ভূক্ত রাখা;
- কর্মকর্তা/কর্মচারী প্রতি ৬০ ঘন্টার প্রশিক্ষণের মধ্যে ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ ঘন্টা ও অবশিষ্ট প্রশিক্ষণ ঘন্টার পরিসংখ্যান মোট কর্মকর্তা/কর্মচারীওয়াইজ সভায় উপস্থাপন করা।

বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/ প্রশাসন ও অর্থ অনুবিভাগ/জনাব শিরীন রুবী,উপসচিব(কারা)

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ৩য় শ্রেনী (সিভিল) | ৫২ | ১০ | ৫ | |
| | | ৩য় শ্রেনী (ইউনিফর্ম) | ৩৪৬ | ৪১৬ | ২০৮ | |
| | | ৪র্থ শ্রেণি | ১১ | ১০ | ৫ | |

| | | |
|---|---|---|
| ৯ | **ই-ফাইলিং :** | |
| | জুন, ২০১৮ এর মধ্যে সকল অধিদপ্তর ই-ফাইলিং কার্যক্রম পূর্ণাঙ্গ বাস্তবায়নের জন্য রোডম্যাপ প্রস্তুত করেছে। | আওতাধীন সংস্থা/অধিদপ্তরসহ এ মন্ত্রণালয়ের প্রত্যেক উইং, অধিশাখা ও শাখায় ই-ফাইলিং পুরোদমে শুরু করা;<br>• সময়ে সময়ে ই-ফাইলিং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন দাখিল করা;<br>• অবিলম্বে ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন পূর্বক এ বিভাগকে অবহিত করা;<br>• সংখ্যাগত বিচারে সফলতার বিষয়টি বিবেচনা না করে প্রাপ্ত চিঠি ও নথি নিষ্পত্তির হার বাড়ানোর জন্য গুরুত্ব প্রদান করা;<br>• সংশ্লিষ্ট উইং প্রধান কর্তৃক ই-ফাইলিং কার্যক্রম তদারকি করা।<br><br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল) / অনুবিভাগ প্রধান (সকল) |
| ১০ | ইনোভেশন ও উত্তম চর্চা : | |
| | **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ** মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে ৪৭ টি ইনোভেশন কার্যক্রম এবং ০৯ টি উত্তমচর্চা চলমান রয়েছে।<br>**কারা অধিদপ্তরঃ** কারা অধিদপ্তরে ১১ টি ইনোভেশন কার্যক্রম এবং ১০ টি উত্তমচর্চা চলমান রয়েছে।<br>**বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরঃ** বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরে ০৪ টি ইনোভেশন কার্যক্রম এবং ১৯ টি উত্তমচর্চা চলমান রয়েছে।<br>**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে ০৫ টি ইনোভেশন কার্যক্রম এবং ০৫ টি উত্তমচর্চা চলমান রয়েছে। | • আগামী মাসে এডিপি সভার পরে ইনোভেশন বিষয়ে একটি বিশেষ সভার আয়োজন করা;<br>• পরবর্তী সভায় বাস্তবায়ন অগ্রগতিসহ চলমান ইনোভেশন ও উত্তম চর্চার তালিকা প্রস্তুত ও হালকরণ।<br><br>বাস্তবায়নে : অধিদপ্তর (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ/চীফ ইনোভেশন কর্মকর্তা। |
| ১১ | বিবিধ : | |
| | ১১.১ কর্মপরিকল্পনা প্রনয়ণ :<br>**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ** মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী বাস্তবায়নযোগ্য কর্মপরিকল্পনা অধিদপ্তরের ০১ আগস্ট, ২০১৭ তারিখে' মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>**কারা অধিদপ্তরঃ** সমন্বিত কর্ম পরিকল্পনা প্রণয়নের জন্য ৫(পাঁচ) সদস্য কমিটি গঠন করা হয়েছে। কমিটির নিকট হতে কর্ম পরিকল্পনা প্রণয়নের প্রতিবেদন প্রাপ্তির পর পরর্বতী সমন্বয় সভায় উপস্থাপন করা হবে। | ১১.১ পরবর্তী সমন্বয় সভায় স্ব স্ব অধিদপ্তর কর্তৃক কর্মপরিকল্পনা উপস্থাপন করা।<br><br>বাস্তবায়নে : সংশ্লিষ্ট কমিটি |
| | ১১.২ বিশেষ ব্যবস্থায় কারাগারে গুরুত্বপূর্ণ মামলায় সাক্ষ্য গ্রহণের ব্যবস্থা গ্রহণ :<br>**কারা অধিদপ্তরঃ** হাই সিকিউরিটি ও ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ এর ০২টি কক্ষ নির্বাচন এবং প্রয়োজনীয় সংস্কার করা হয়েছে। এটুআই কর্তৃক প্রয়োজনীয় সরঞ্জামাদি ও যন্ত্রপাতি স্থাপন করা হলে এটি চালু করা সম্ভব হবে। | ১১.২ বিশেষ ব্যবস্থায় কারাগারে Audio-Visual পদ্ধতি স্থাপনের মাধ্যমে গুরুত্বপূর্ণ মামলায় সাক্ষ্য গ্রহণের ব্যবস্থা গ্রহণ করা।<br><br>বাস্তবায়নে : কারা অধিদপ্তর/কারা অধিশাখা |

| | | |
|---|---|---|
| | **১১.৩** কয়েদী/হাজতি হাসপাতালে ভর্তির বিষয়ে জেল কোড অনুযায়ী ব্যবস্থা গ্রহণ :<br>কারা অধিদপ্তর : জেল কোড অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | **১১.৩** কয়েদী/হাজতীগণের হাসপাতালে চিকিৎসার বিষয়ে একটি নীতিমালা প্রণয়ন এবং নীতিমালার আওতায় সিভিল সার্জন/সরকারী হাসপাতালের চিকিৎসকগণকে যুক্ত করে একটি সুষ্ঠু ব্যবস্থাপনার আওতায় নিয়ে আসার কর্মপরিকল্পনা গ্রহণ করা।<br><br>বাস্তবায়নে : কারা অধিদপ্তর/কারা অধিশাখা |
| | **১১.৪ ভিডিও কনফারেন্স** ০৯-১১-২০১৭ তারিখে বিকাল ৩.৩০ মিনিটে কুষ্টিয়া জেলার জেলা প্রশাসনের সাথে ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসকগণ, অতিরিক্ত পুলিশ সুপার, বিজ্ঞ ম্যাজিস্ট্রেটগণ এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং কারা অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন। | সময়ে সময়ে ভিডিও কনফারেন্স এর আয়োজন করা। |
| | **১১.৫ উন্নয়ন মেলা, ২০১৭** | • সুরক্ষা সেবা বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তরসমূহের সমন্বয়ে প্রতিটি জেলায় একটি করে দৃশ্যমান জায়গায় স্টল বরাদ্দ রাখার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সাথে যোগাযোগ করা;<br>• বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর হতে পরিচালক (প্রশাসন ও অর্থ); মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর হতে উপপরিচালক (প্রশাসন) , ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স অধিদপ্তর হতে পরিচালক (প্রশাসন) এবং কারা অধিদপ্তর হতে এআইজি (উন্নয়ন) ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করা;<br>• উন্নয়ন মেলায় বিভিন্ন ধরণের মোটিভেশনাল গান, থিম সং ইত্যাদি প্রচার করা;<br>• এ বিভাগ ও অধিদপ্তরের সকল প্রকার উন্নয়নমূলক কার্যক্রম যথাযথভাবে জনগণের নিকট তুলে ধরা;<br>• ০৪ টি অধিদপ্তরের ০৪ জন ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সদস্য করে, জনাব ফরহাদ, উপসচিব (প্রশাসন-২) কে সদস্য সচিব করে ও অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) কে আহবায়ক করে উন্নয়ন মেলা সফলভাবে আয়োজনের জন্য কমিটি গঠন করা। |

৩। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৪.১১.১৭

(ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।